গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

**[ ভ্যাট বিভাগ ]**

তারিখ: ৩০ জৈষ্ঠ্য, ১৪২৬ বঙ্গাব্দ/ ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ

**সাধারণ আদেশ নং- ১১/মূসক/২০১৯।—** যেহেতু, সরকারি-বেসরকারি অংশীদারিত্ব (পিপিপি) প্রকল্পসমূহের উদ্দেশ্য হইল জাতীয় অর্থ ব্যবস্থায় সরকারের ব্যয় ভার কমানো ও সরকার কর্তৃক বেসরকারি বিনিয়োগের মাধ্যমে জনসেবা প্রদান করিবার বিষয়টি শতভাগ নিশ্চিত করা; এবং

যেহেতু, পিপিপি প্রকল্পসমূহ বাস্তবায়নে বিনিয়োগকারীদের মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি প্রদান করা হইলে সরকার কর্তৃক বেসরকারি বিনিয়োগের মাধ্যমে জনসেবা প্রদান করিবার বিষয়টি শতভাগ নিশ্চিত করা সম্ভব হইবে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, বৃহত্তর জাতীয় স্বার্থে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭নং আইন) এর ধারা ১২৬ এর উপধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকারি-বেসরকারি অংশীদারিত্ব (পিপিপি) প্রকল্পসমূহে বেসরকারি বিনিয়োগের বিপরীতে 'নির্মাণ সংস্থা' (সেবা কোড S০০৪.০০), 'কনসালটেন্সি ফার্ম ও সুপারভাইজরি ফার্ম' (সেবা কোড S০৩২.০০), 'যোগানদার' (পেট্রোলিয়ামজাত দ্রব্যাদি ব্যতীত) (সেবা কোড S০৩৭.০০) এবং 'আইন পরামর্শক' (সেবা কোড S০৪৫.০০) সেবা খাতসমূহে প্রযোজ্য সমুদয় মূল্য সংযোজন কর হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিলঃ

ক) এই অব্যাহতি সুবিধা কার্যকর করিবার ক্ষেত্রে পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক মনোনয়নকৃত একজন উপযুক্ত কর্মকর্তার প্রত্যয়নপত্র আবশ্যিকভাবে থাকিতে হইবে;

খ) উক্ত প্রত্যয়নপত্রে সংশ্লিষ্ট বিনিয়োগকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, মূসক নিবন্ধন নম্বর, অনুমোদিত পিপিপি প্রকল্পের নাম, প্রকল্পের কার্যক্রম, প্রকল্পের মেয়াদ এবং সংশ্লিষ্ট সেবা পিপিপি প্রকল্পের সাথে সম্পৃক্ত কী না তাহা সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে; এবং

গ) প্রত্যয়নপত্রের একটি অনুলিপি পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) কর্তৃপক্ষ কর্তৃক সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিতে হইবে।

০২। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং উহা অবিলম্বে কার্যকর হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**(মোঃ তারেক হাসান)**
**দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)**